যুগান্তর

MAY 15 2002

৮৬ ৩

# ফেনী কলেজে মিলাদ মাহফিলে ছাত্রলীগের হামলা

ফেনী প্রতিনিধি

মঙ্গলবার দুপুরে ফেনী সরকারি কলেজে এইচএসসি পরীক্ষা উপলক্ষে আয়োজিত মিলাদ মাহফিল ছাত্রলীগ নামধারী ক্যাডারদের হামলায় ভণ্ডুল হয়ে যায়। ক্যাডাররা হামলার সময় কলেজ ছাত্রদল নেতাদের নাজেহাল করে। ৬/৭ জন ছাত্র এ সময় আহত হয়।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, দুপুর ১২টার সময় ফেনী কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় উপলক্ষে মিলাদ মাহফিল ও বিদায় সভা শুরু হয়। মিলাদে পরীক্ষার্থী, শিক্ষক, শিক্ষার্থী ও অধ্যক্ষ উপস্থিত ছিলেন। মিলাদের শেষ পর্যায়ে ছাত্রলীগ নামধারী স্টিয়ারিং কমিটির ক্যাডার মাসুদের নেতৃত্বে ১০/১২ জন মিলাদ মাহফিলে উপস্থিত হয়ে এলোপাতাড়ি হামলা শুরু করে। এতে মিলাদ ভণ্ডুল হয়ে যায় এবং এ সময় আহত হয় ৬/৭ জন। খবর পেয়ে ফেনী থানা পুলিশ পরিস্থিতি আয়ত্তে আনে।